



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক  
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
কাজলা, রাজশাহী-৬২০৪।

ফোন: +৮৮০-৭২১-৭৫০৭৯৮, ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০৯৩৫  
ই-মেইল: registrar@ruet.ac.bd ওয়েব-সাইট :www.ruet.ac.bd।

স্মারক নং-২৯৮৪

তারিখঃ ০৩/০২/২০১৯ খ্রিঃ।

-ঃ পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি ঃ-

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে পুরকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, যন্ত্রকৌশল, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, গ্লাস এন্ড সিরামিক ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে পিএইচ.ডি/এম.ফিল/এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

- (১) প্রকৌশল বিভাগসমূহে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং/এম.ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০-এর মধ্যে ৪.০০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.২৫ পেয়ে এম.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (২) গণিত, রসায়ন ও পদার্থবিদ্যা বিভাগে এম.ফিল কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে জিপিএ ৫.০০-এর মধ্যে ৩.৫০ পেয়ে পাশ করতে হবে ও কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট ডিসিপ্লিনে এম.এস-সি বা সমতুল্য ডিগ্রীতে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.০০ পেতে হবে এবং পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট ডিসিপ্লিনে সিজিপিএ ৪.০০-এর মধ্যে ৩.২৫ পেয়ে এম.ফিল বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে।
- (৩) দরখাস্তের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি ও সকল পরীক্ষা পাশের সনদপত্র, মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এবং মাইগ্রেশন সার্টিফিকেটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- (৪) দরখাস্তের সাথে ভাইস-চ্যান্সেলর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে রূপালী ব্যাংক লিমিটেড, রুয়েট শাখা, রাজশাহী-এর উপর ১০০০/= (একহাজার) টাকার ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- (৫) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.ruet.ac.bd) হতে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে এবং তা পূরণপূর্বক সংশ্লিষ্ট বিভাগে সরাসরি বা ডাকযোগে ২০/০২/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত জমা দেয়া যাবে।
- (৬) বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.ruet.ac.bd) ০৩/০৩/২০১৯ খ্রিঃ তারিখে নির্বাচনী পরীক্ষার জন্য প্রাথমিকভাবে মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।
- (৭) ০৭/০৩/২০১৯ খ্রিঃ তারিখ হতে ১৬/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ঘোষিত সময়ানুযায়ী নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে।
- (৮) ১৯/০৩/২০১৯ খ্রিঃ তারিখ ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।
- (৯) নির্বাচিত প্রার্থী স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে গণ্য হলে নির্ধারিত ভর্তি ফি প্রদানপূর্বক ২৫/০৩/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে। ভর্তির সময় বিভাগীয় সমিতির চাঁদা বাবদ ১,৫০০/- (একহাজার পাঁচশত) টাকা (এককালীন) সহ সর্বমোট ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা জমা দিতে হবে।
- (১০) চাকুরীরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে
- (১১) প্রার্থী ইতোপূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির সময় ভর্তি বাতিলের সনদপত্র জমা দিতে হবে।
- (১২) চাকুরীরত প্রার্থী নিয়োগকারী কর্তৃপক্ষের সম্মতিক্রমে খসকালীন ছাত্র হিসাবেও ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (১৩) বেসরকারী বিশ্ববিদ্যালয় হতে পাশকৃত ভর্তিচ্ছু প্রার্থীদের নিম্নের বিষয়গুলি প্রযোজ্য হবেঃ
  - (ক) বিশ্ববিদ্যালয়টি ইউজিসি কর্তৃক অনুমোদিত হতে হবে।
  - (খ) Board of Accreditation for Engineering and Technical Education (BAETE) কর্তৃক কোর্সটি অনুমোদিত হতে হবে।
  - (গ) রুয়েটের সাথে উক্ত বিশ্ববিদ্যালয়ের সিনেবাস এবং ক্রেডিট সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখঃ ০৩/০২/২০১৯ খ্রিঃ।

স্মারক নং- ২৯৮৪/৪০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

- ১। সকল ডীন/ইন্সটিটিউট পরিচালক রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়।
- ৩। রেজিস্ট্রার, চুয়েট/কুয়েট/ডুয়েট।
- ৪। চেয়ারম্যান, গণিত/রসায়ন/পদার্থ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল বিভাগীয় প্রধান, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়।-উল্লিখিত ভর্তি বিজ্ঞপ্তি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহ।
- ৭। অত্র বিশ্ববিদ্যালয়/হলসমূহের সকল নোটিশ বোর্ড।
- ৮। সংরক্ষণ নথি।
- ৯। নথি।

ডেপুটি রেজিস্ট্রার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।